



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

সংস্করণ : ০২

তারিখ : ০৩.১১.২০১৯

ফরেন রেমিট্যান্স পরিশোধ সংক্রান্ত নিয়মাবলী

০১। **ফরেন রেমিট্যান্স** : বিদেশে কর্মরত নাগরিকদের উপার্জিত অর্থ স্বদেশে অবস্থানরত তাঁদের আত্মীয়-স্বজন-পরিচিতজনদের নিকট বৈধভাবে অর্থাৎ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রেরণ করা হলে সে প্রেরিত অর্থই ফরেন রেমিট্যান্স। রেমিট্যান্সের অর্থ তাদের জীবনযাত্রার মান উন্নত করে এবং বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ হয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

০২। **রেমিট্যান্স সেল** : রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম সম্পাদনের জন্য ০৭.০২.২০১৭ তারিখের পরিচালনা বোর্ডের ২৪১তম সভার অনুমোদনক্রমে আইটি বিভাগের অধীনে **রেমিট্যান্স সেল** গঠিত হয়। কর্মসংস্থান ব্যাংক এনসিসি ব্যাংকের **সাব-এজেন্ট** হিসেবে ০৭.০৩.২০১৭ তারিখ হতে **Online রেমিট্যান্স ও Batch রেমিট্যান্স** - এ দুই ধরনের রেমিট্যান্সের মাধ্যমে ফরেন রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম পরিচালনা করছে। বেকার যুবদের ঋণ প্রদান কর্মসূচীর পাশাপাশি **সেবামূলক রাষ্ট্রীয়** এ কার্যক্রম পরিচালনা করায় দেশে-বিদেশে ব্যাংকের প্রচার, সুনাম ও পরিচিতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ১৩.১১.২০১৯ তারিখ পর্যন্ত ২৪৪টি শাখা হতে ৭,৮৩৪ জন সুবিধাভোগীকে ২৬,৪৫,৪৭,৭৮৮.০৯ টাকা রেমিট্যান্স বাবদ পরিশোধ করা হয়েছে।

০৩। **রেমিট্যান্স বৃদ্ধির কৌশল** :

- (১) মাঠ কর্মীদের এলাকা ভ্রমণের সময় স্থানীয় জনসাধারণের মাঝে প্রচার করা;
- (২) জেলা/উপজেলা সদরের অভিবাসন Desk হতে প্রবাসীদের তথ্য সংগ্রহ করে তাদের আত্মীয়-স্বজনদের সাথে যোগাযোগ করা;
- (৩) যে সকল ঋণ গ্রহীতাদের প্রবাসী আত্মীয়-স্বজন রয়েছে, সে সকল ঋণ গ্রহীতাদের সাথে যোগাযোগ করা;
- (৪) অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের আশে-পাশে দর্শনীয় স্থানে শাখার ঠিকানাযুক্ত পোস্টার/ব্যানার/সাইন বোর্ড ইত্যাদি লাগানো;
- (৫) বিভিন্ন MTO কর্তৃক সরবরাহকৃত স্টিকার, লিফলেট, পোস্টার ইত্যাদি শাখার দর্শনীয় স্থানে প্রদর্শন করা।

০৪। **Money Transfer Operator (MTO)** : যে সকল প্রতিষ্ঠান এক দেশ হতে অন্য দেশে অর্থ প্রেরণ করে, সে সকল প্রতিষ্ঠানই MTO। বিশ্বে ৫০টির অধিক MTO রয়েছে। যেমন-মানিগ্রাম, রিয়া, প্রডু, ট্রান্সফাস্ট, মার্চেন্ট্রেড এশিয়া, আল মিরকাব, এক্সপ্রেস মানি ইত্যাদি।

০৫। **Online রেমিট্যান্স** :

ক) বিদেশে প্রেরক যে কোন একটি **Online** রেমিট্যান্সের MTO অফিসে প্রবেশ করে একটি KYC (Know Your Customer) পূরণ করে MTO-কে কমিশনসহ স্থানীয় মুদ্রা পরিশোধ করেন। তারপর **MTO** প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট সফটওয়্যারে **এন্ট্রি** দেয়। এতে প্রেরণযোগ্য অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরকের দেশের মুদ্রায় {বাংলাদেশের ক্ষেত্রে টাকায় (পয়সাসহ-যদি থাকে)} রূপান্তরিত হয়ে প্রেরকের দেশে চলে যায় এবং Pulled out হওয়ার অপেক্ষায় থাকে। এরপর MTO প্রেরককে একটি PIN (Personal Identification Number) প্রদানপূর্বক টাকার পরিমাণ পয়সাসহ (যদি থাকে) অবহিত করে। প্রেরক PIN ও টাকার পরিমাণ দেশে প্রাপকের নিকট **ফোনে/SMS** করে/**Customer Receipt Copy** এর ছবি পাঠিয়ে জানিয়ে দেন। প্রাপক **ছবিযুক্ত** পরিচয়পত্রসহ ঐ Pin নিয়ে ব্যাংকের শাখায় উপস্থিত হয়ে তাঁর নামে রেমিট্যান্স আসার তথ্য প্রদান করেন। ব্যাংক সংশ্লিষ্ট MTO এর সফটওয়্যার Login করে Pinসহ প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি দেয়। Pinটি Valid হয়ে থাকলে একটি Screen এ রেমিট্যান্সের বিভিন্ন তথ্যাদি দেখা যাবে। Screen এর তথ্যের সাথে প্রাপকের তথ্যের মিল পেলে রেমিট্যান্সটি Pulled out করে এবং কোন প্রকার চার্জ কর্তন ছাড়াই রেমিট্যান্সের অর্থ (পয়সাসহ-যদি থাকে) ও Incentive এর অর্থ (পয়সাসহ-যদি থাকে) প্রাপককে পরিশোধ করে। ইহাই Online রেমিট্যান্স। যতক্ষণ পর্যন্ত না রেমিট্যান্স Pulled out করা হয়, ততক্ষণ পর্যন্ত প্রেরিত অর্থ MTO এর Account এ থাকে। ০৩ (তিন) মাসের মধ্যে Pulled out না হলে **প্রেরিত অর্থ প্রেরকের নিকট ফেরত চলে যায়**।

খ) Online রেমিট্যান্সের MTO হচ্ছে-মানিগ্রাম, রিয়া, প্রডু, ট্রান্সফাস্ট ইত্যাদি। বিভিন্ন App ব্যবহার করে নিজের মোবাইল থেকে প্রেরক নিজেও Online রেমিট্যান্স প্রেরণ করতে পারে। Online রেমিট্যান্সের ক্ষেত্রে **এক বা একাধিক বা Any Bank Selection** করা যায়। তবে Online রেমিট্যান্স হওয়া সত্ত্বেও NEC Italy, NEC UK ও FSIE এর ক্ষেত্রে একাধিক ব্যাংক Selection করার সুযোগ নেই। এ ০৩টি MTO এর ক্ষেত্রে যে ব্যাংকের নাম Selection করে রেমিট্যান্স প্রেরণ করা হয়, শুধুমাত্র সে ব্যাংকই রেমিট্যান্সটি Pulled out করতে পারে। এছাড়া মানিগ্রাম ও ওয়েস্টার্ন ইউনিয়ন এর ক্ষেত্রে কোন ব্যাংক Selection করার সুযোগ নেই।


০৬। **Batch রেমিট্যান্স** :

ক) বিদেশে প্রেরক যে কোন একটি **Batch** রেমিট্যান্সের MTO অফিসে প্রবেশ করে একটি KYC পূরণ করে MTO-কে কমিশনসহ স্থানীয় মুদ্রা পরিশোধ করেন। তারপর MTO প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট সফটওয়্যারে এন্ট্রি দেয়। এতে প্রেরণযোগ্য অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরকের দেশের মুদ্রায় {বাংলাদেশের ক্ষেত্রে টাকায় (পয়সাসহ-যদি থাকে)} রূপান্তরিত হয়ে প্রেরকের দেশে **প্রেরকের নির্দিষ্ট করা ব্যাংকের Account** এ চলে যায়। এরপর ঐ **নির্দিষ্ট ব্যাংক** প্রাপককে ফোন করে তাঁর নামে টাকা আসার কথা জানিয়ে **ছবিযুক্ত** পরিচয়পত্রসহ ব্যাংকে আসতে বলে। প্রাপক ব্যাংকের শাখায় উপস্থিত হলে ব্যাংক তাঁর নামে আসা রেমিট্যান্সের অর্থ (পয়সাসহ-যদি থাকে) ও Incentive এর অর্থ (পয়সাসহ-যদি থাকে) প্রদান করে। ইহাই Batch রেমিট্যান্স।


খ) Batch রেমিট্যান্সের MTO হচ্ছে-আরব ন্যাশন্যাল ব্যাংক, আল মিরকাব এক্সচেঞ্জ, ব্র্যাক ইত্যাদি। Batch রেমিট্যান্সের **পেমেন্ট স্লিপ Excel** এর হয়। Batch রেমিট্যান্সের ক্ষেত্রে একাধিক ব্যাংক Selection করার সুযোগ নেই। যে ব্যাংকের নাম Selection করে রেমিট্যান্স প্রেরণ করা হয়, শুধুমাত্র সে ব্যাংকই রেমিট্যান্সটি পরিশোধ করতে পারে।

০৭। **Pulled out : Online** রেমিট্যান্স MTO এর মাধ্যমে আসা রেমিট্যান্সের Pin ও প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট MTO এর সফটওয়্যারে যে ব্যাংক সর্বপ্রথম এন্ট্রি দেয়, প্রেরিত অর্থ ঐ ব্যাংকের Account এ হিসাবভুক্তির জন্য Booked হয়ে যায়। ইহাই Pulled out। কোন Pin দিয়ে একবার Pulled out করা হলে ঐ Pin দিয়ে রেমিট্যান্সটি আর অন্য কোন ব্যাংক Pulled out করতে পারে না। Batch রেমিট্যান্সের ক্ষেত্রে প্রেরক দেশের একটি নির্দিষ্ট ব্যাংকের Account এ অর্থ প্রেরণ করে বিধায় Pulled out হয় না। কর্মসংস্থান ব্যাংকে ফরেন এক্সচেঞ্জ কার্যক্রম না থাকায় কর্মসংস্থান ব্যাংক Pulled out করলেও রেমিট্যান্সের অর্থ এনসিসি ব্যাংকের Account এ চলে যায়।

Online রেমিট্যান্সের **Pulled out** নিম্নের চিত্রের মাধ্যমে দেখানো হলো :



Batch রেমিট্যান্সের **পরিশোধ** নিম্নের চিত্রের মাধ্যমে দেখানো হলো :



০৮। **কর্মসংস্থান ব্যাংক হতে পরিশোধ করা যায় এমন MTO** : এনসিসি ব্যাংকের সাথে যে সকল MTO এর চুক্তি রয়েছে, কর্মসংস্থান ব্যাংক শুধুমাত্র সে সকল MTO এর রেমিট্যান্স পরিশোধ করতে পারে। বর্তমানে এনসিসি ব্যাংকের সাথে ৩৩টি MTO এর চুক্তি রয়েছে। এ সংখ্যা ক্রমবর্ধমান। কর্মসংস্থান ব্যাংক এ পর্যন্ত ১৮টি MTO এর রেমিট্যান্স পরিশোধ করেছে। এর মধ্যে ব্যাংকের রেমিট্যান্স সেল ১৩টি এবং এনসিসি ব্যাংক ০৫টি MTO এর রেমিট্যান্স Pulled out/পরিশোধ করে। ৩৩টি MTO এর বিবরণ নিম্নরূপ :

Sl. No.	MTO Code	MTO Name (English & Bangla)	MTO Short Name	PIN No.	Start/End With	PIN Known	Come From	Type	Mode of Payment	Pulled out /Paid by
1	2	3	4	5	6	7	8	9	10	11
1	12	Islamic Exchange Co. {ইসলামিক এক্সচেঞ্জ কোঃ}	IE	7	Any Digit	-	Qatar	Batch	Online	Not Start
2	31	First Security Islami Ex.On-line {ফার্স্ট সিকিউরিটি ইসলামিক এক্সচেঞ্জ}	FSIE	4+7=11	FSIE (Excluded)	Reference No.	Italy	Online	Online	KB
3	01	Moneygram Online Cash {মানিগ্রাম ইন্টারন্যাশনাল}	MG	8	Any Digit	Reference No.	Global	Online	Online	NCC Bank
4	08	Zenj Exchange/Turo Cash {জেন্জ এক্সচেঞ্জ}	ZE	2+8=10	ZE (Excluded)	-	Bahrain	Online/ Batch	Online	Not Start
5	29	Dollarco Exchange Co {ডলারকো এক্সচেঞ্জ কোঃ}	DE	8	Any Digit	-	Kuwait	Batch	Online	Not Start
6	23	Habib Qatar Int. Ex. {হাবিব কাতার ইন্টাঃ এক্সঃ, কাতার}	HQ	8	Any Digit	-	Qatar	Online/ Batch	Online	Not Start
7	10	Sigue Global Services Ltd {সিগে গ্লোবাল সার্ভিসেস লিঃ}	Sigue	9	3/4	Transaction Number	Global	Online/ Batch	Online	KB
8	13	Instant Cash Global Money Transfer Online {ইন্সট্যান্ট ক্যাশ}	IC	9	14	Vide ICTC	Global	Online	Online	KB
9	22	National Ex Co. s.r.l., Italy {ন্যাশন্যাল এক্সচেঞ্জ কোঃ ইতালি}	NEC Italy	3+9=12	NEC (Excluded)	Pin/Secret No.	Italy	Online/ Batch	Online	KB
10	25	Wall Street Ex. Centre LLC {ওয়াল স্ট্রিট এক্সচেঞ্জ}	WSE	9	1	-	-	Online/ Batch	Online	Not Start
11	27	WS Instant Cash Online {ডব্লিউ এস ইন্সট্যান্ট ক্যাশ}	WSIC	9	1	Vide ICTC	Global	Online/ Batch	Online	KB
12	17	Al-Mulla Int'l {আল-মুল্লা ইন্টারন্যাশনাল}	AMI	12	2019/ Year's 4 Digit	-	Kuwait	Online/ Batch	Online	Not Start
13	06	AFX First Remit {আল-ফারদান}	AFX	9/16	400/Any Digit	-	Qatar	Online/ Batch	Online	Not Start
14	02	WESTERN UNION {য়েস্টার্ন ইউনিয়ন}	WU	10	Any Digit	MTCN	Global	Online	Online	NCC Bank
15	09	Wasel Exchange SAOC {ওয়্যাসেল এক্সচেঞ্জ}	WE	10	19/Year's 2 Digit	-	Oman	Batch	Online	Not Start
16	30	Global Money Exchange {গ্লোবাল মানি এক্সচেঞ্জ}	GME	10	44	-	Oman	Batch	Online	Not Start
17	04	IME Online Cash {আইএমই}	IME	11	4/7/9	ICN (IME Cont. No.)	Malaysia/ Middle East	Online/ Batch	Online	KB
18	05	Continental Exchange Solutions (Ria) {রিয়া ফিন্যান্সিয়াল সার্ভিসেস}	Ria	11	12/13/14/ 15/4/7/9	PIN	Global	Online/ Batch	Online	KB
19	16	Japan Remit Financial {জাপান রেমিট ফিন্যান্সিয়াল কোঃ লিঃ}	JRF	11	22	-	Japan	Online/ Batch	Online	Not Start

Sl. No.	MTO Code	MTO Name (English & Bangla)	MTO Short Name	PIN No.	Start/End With	PIN Known	Come From	Type	Mode of Payment	Pulled out /Paid by
1	2	3	4	5	6	7	8	9	10	11
20	07	PLC Online Cash {প্লাসিড এক্সপ্রেস}	PLC	12	Any Digit	Reff.No.	Global	Online/ Batch	Online	KB
21	15	ANB (Tele Money) {আরব ন্যাশন্যাল ব্যাংক}	ANB	12	19/Year's 2 Digit	Refere- nce No.	KSA	Batch	Cash	NCC Bank
22	20	PRABHU Online {প্রভু গুপ ইনকঃ}	Prabhu	12	11/21/32/ 36/40	PIN No.	Global	Online/ Batch	Online	KB
23	28	MAX MONEY Online {ম্যাক্স মানি}	Max	12	786	PINNO	Malaysia	Online	Online	KB
24	11	Trans Fast Remittance LLC {ট্রান্সফাস্ট রেমিট্যান্স}	TF	13	33	Key	Global	Online/ Batch	Online	KB
25	32	Brac Saajan {ব্রাক সাজন}	Brac	13	Ending by B/C	-	EU	Batch	Online	Not Start
26	14	Al Zaman Exchange {আল-জামান এক্সচেঞ্জ}	AZE	14	00	-	Qatar	Batch	Online	Not Start
27	18	Majan Exchange {মাজান এক্সচেঞ্জ}	ME	14	0	-	Oman	Batch	Online	Not Start
28	21	Merchantrade Online Cash {মার্চেন্ট্রেড এশিয়া}	MT	14	19/ Year's 2 Digit	Remit Number	Global (Ththrough Malaysia)	Online	Online	KB
29	26	Al Mirqab Exchange {আল মিরকাব এক্সচেঞ্জ}	AMEC	14	M	Refere- nce No.	Qatar	Batch	Cash	NCC Bank
30	19	NEC Money Transfer UK Online {নেক মানি ট্রান্সফার ইউকে}	NEC UK	15	777	Pin/Sec- ret No.	UK/EU	Online/ Batch	Online	KB
31	03	Xpress Money {এক্সপ্রেস মানি}	XM	16	Any Digit	Xpin	Global	Online/ Batch	Online	NCC Bank
32	24	UAE Exchange Centre LLC, UAE {ইউএই এক্সচেঞ্জ}	UAEE	16	-	-	UAE	Online/ Batch	Online	Not Start
33	33	এসিই মানি ট্রান্সফার (Aftab Currency Exchange Limited, UK) [ACE]	ACE	13	04067	-	Europe/ EU	Online/ Batch	Online	Not Start

মন্তব্য :

i) ৫ নং কলামের **Pin No.** বলতে Pinটি কত সংখ্যার, তা বুঝায়। যেমন-রিয়ার Pin ১১ সংখ্যার।

ii) ২ নং ক্রমিকের ৬ নং কলামে **FSIE (Excluded)** বলতে 'FSIE'-এ ৪টি Letter ছাড়াও আরও ৭টি ডিজিট আছে বুঝায়। ফলে **FSIE** এর Pinটি (৪+৭) = ১১ সংখ্যার হয় (যেমন-**FSIE6435705** এর অনুরূপ)। একইভাবে ৪ নং ক্রমিকের Zenz Exchange এর Pinটি (২+৮) = ১০ সংখ্যার হয় (যেমন-**ZE04395705** এর অনুরূপ) এবং ৯ নং ক্রমিকের NEC Italy এর Pinটি (৩+৯) = ১২ সংখ্যার হয় (যেমন-**NEC107325705** এর অনুরূপ)।

iii) ১২ নং ক্রমিকের ৬ নং কলামের **2019/ 4 Digit of Year** বলতে যে ইংরেজী সনে রেমিট্যান্সটি প্রেরণ করা হয়েছে, Pin এর পূর্বে সে সনের ০৪টি ডিজিট আছে বুঝায়। যেমন-২০১৯ সনে Al-Mulla Int'l এর রেমিট্যান্স প্রেরণ করা হলে Pinটি 20195042354218 এর অনুরূপ হবে। একইভাবে ২০২১ সনে প্রেরণ করা হলে 20217042357210 এর অনুরূপ হবে ইত্যাদি।

iv) ১৫, ১১ ও ২৮ নং ক্রমিকের ৬ নং কলামের **19/ 2 Digit of Year** বলতে যে ইংরেজী সনে রেমিট্যান্সটি প্রেরণ করা হয়েছে, Pin এর পূর্বে সে সনের শেষ ০২টি ডিজিট আছে বুঝায়। যেমন-২০১৯ সনে মার্চেন্ট্রেড এশিয়ার রেমিট্যান্স প্রেরণ করা হলে Pinটি 19500842454210 এর অনুরূপ হবে। একইভাবে ২০২২ সনে প্রেরণ করা হলে 22012170423776 এর অনুরূপ হবে ইত্যাদি।

v) ৭ নং কলামের **PIN Known** বলতে MTO ভেদে Pin এর পূর্বে Letter বা Word থাকে বুঝায়, যা দেখে MTO চেনা যায়। যেমন-রিয়ার Pin এর পূর্বে PIN, মানিগ্রামের Pin এর পূর্বে Reference No., ট্যান্সফাস্টের Pin এর পূর্বে Key থাকে ইত্যাদি।

vi) ৯ নং কলামে Type বলতে রেমিট্যান্সটি **Online** রেমিট্যান্স, নাকি **Batch** রেমিট্যান্স, নাকি **উভয়** রেমিট্যান্স, তা বুঝায়।

vii) ১০ নং কলামে Mode of Payment বলতে Online MTO হলে **Online** এবং Batch MTO হলে **Cash** হয় বুঝায়।

০৯। **রেমিট্যান্স সংক্রান্ত পত্রাদি/তথ্যাদি প্রেরণ :**

ক) রেমিট্যান্স সেলে **kbmail** Provider এর আওতায় ০২টি ও **gmail** Provider এর আওতায় ০২টিসহ মোট ০৪টি ঠিকানা রয়েছে, যার মধ্যে cell1 নামের ০২টি **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** এবং cell2 নামের অপর ০২টি **সহকারী মহাব্যবস্থাপক** ব্যবহার করেন। রেমিট্যান্স সেলে উক্ত ০৪টি ঠিকানায় ই-মেইলের মাধ্যমে পত্রাদি/তথ্যাদি প্রেরণ করতে হয়। নেটওয়ার্কের সমস্যা জন্য অনেক সময় মেইল Incoming হতে দেবী হয়। ০৪টি ঠিকানায় মেইল প্রেরণ করা হলে যেকোন একটি Provider এর যেকোন একটি ঠিকানায় মেইলটি Incoming হবেই। মেইল প্রেরণ করার নিমিত্তে ই-মেইল ওপেনপূর্বক New Message এ Click করে To-তে ০৪টি ঠিকানা নিম্নোক্তভাবে এন্ট্রি দিতে হয় :

To:	remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com
Cc:	
Subject:	Fuljhuri-987 TF Pin-33TF492781779
Attnch ▼	

খ) রেমিট্যান্স Pulled out/পরিশোধ করার নিমিত্তে নির্দিষ্ট Format অনুযায়ী রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি উক্ত ০৪টি ঠিকানায় ই-মেইলের মাধ্যমে রেমিট্যান্স সেলে প্রেরণ করতে হয়। Formatটি নিম্নরূপ :

Fuljhuri-987 TF Pin-33TF492781779
Tk-25,121.01
Country-Malaysia
S-Abdul Basit
R-Kawsar Ahmed
NID No.-91120005022246418, DOI-25.12.2007
DOE-
DOB-31.08.1974
Mob-01711-326790
KB Staff (Yes/No)-No
KB Borrower (Yes/No)-Yes

Yours Sincerely,

Anu Chowdhury
Fuljhuri Branch, Dhaka

Mob. No. (Corporate)-01708-397942, Mob. No. (Personal)-01780-497914, Tel. No.-0499-96003.

মন্তব্য :

i) এখানে **Fuljhuri** = স্ব স্ব শাখার নাম; **987** = স্ব স্ব শাখার কোড নম্বর; **TF** = সংশ্লিষ্ট MTO এর সংক্ষিপ্ত নাম (উপরের ০৮ নং অনুচ্ছেদে বর্ণিত তালিকার ০৪ নং কলাম দ্রষ্টব্য); **Tk** = Taka; Country = **Malaysia** = যে দেশ থেকে রেমিট্যান্স এসেছে সে দেশের নাম; **S** = Sender; **R** = Receiver; **NID** = National Identity। NID না থাকলে তার পরিবর্তে পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর নাম ও নম্বর দিতে হয়; **DOI** = Date of Issue (ID এর); **DOE** = Date of Expiry (পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য); **DOB** = Date of Birth; **Mob** = Mobile; **Anu Chowdhury** = স্ব স্ব শাখার ব্যবস্থাপকের নাম; **Mob. No. (Corporate)-01708-397942** = স্ব স্ব শাখার কর্পোরেট মোবাইল নম্বর; **Mob. No. (Personal)-01780-497914** = ব্যবস্থাপকের ব্যক্তিগত মোবাইল নম্বর; **Tel. No. 0499-96003** = স্ব স্ব শাখার টেলিফোন নম্বর; **KB Staff (Yes/No)-No** = কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী হলে **Yes** এবং কর্মকর্তা/কর্মচারী না হলে **No** হয়; **KB Borrower (Yes/No)-Yes** = কর্মসংস্থান ব্যাংকের ঋণ গ্রহীতা হলে **Yes**, ঋণ গ্রহীতা না হলে **No** হয়।

ii) উপরের Format এর প্রথম লাইনটি Copy করে **Subject এ** Paste করে দিতে হবে। এতে মেইলইটি Incoming হওয়ার সাথে সাথে Pin, শাখা ও MTO এর নাম জানা যায় এবং **তৎক্ষণাৎ** রেমিট্যান্সটির Pulled out করার কাজ শুরু করা যায়। সফটওয়্যারে এন্ট্রি দেয়ার পর Pinটি **Invalid** পাওয়া গেলে শাখার টেলিফোন নম্বর ও ব্যবস্থাপকের মোবাইল নম্বর থাকলে তা দেখে শাখাকে তাৎক্ষণিকভাবে অবহিত করা যায়। এতে প্রাপকের অযথা অপেক্ষা করার সময় কমে।

iii) **Format** এর ‘**১ম লাইন**’ বা ‘**মেইলের বিষয়**’ লিখতে করণীয় : প্রথমে শাখার নাম ~ তারপর হাইফেন ~ তারপর শাখা কোড ~ তারপর স্পেস ~ তারপর MTO এর সংক্ষিপ্ত নাম ~ তারপর স্পেস ~ তারপর **Pin** শব্দটি লিখা ~ তারপর হাইফেন ~ তারপর MTO এর **Pin** লিখা। যেমন-ফুলঝুড়ি শাখার ট্রান্সফাস্ট MTO এর ক্ষেত্রে Format এর ‘**১ম লাইন**’ বা ‘**মেইলের বিষয়**’টি **Fuljhuri-987 TF Pin-33TF492781889** এর অনুরূপ হবে, ফাস্ট সিকিউরিটি ইসলামি এক্সঃ এর ক্ষেত্রে Format এর ‘**১ম লাইন**’ বা ‘**মেইলের বিষয়**’টি **Fuljhuri-987 FSIE Pin-FSIE1473459** এর অনুরূপ হবে ইত্যাদি।

iv) MTO এর Pin এবং NID No. এর মধ্যে কোন স্পেস বা হাইফেন হবে না। যেমন-**33TF492781889** বা **91120005022246418** এর মধ্যে কোন স্পেস বা হাইফেন হবে না।

v) **ফোনে তথ্যাদি দেয়ার সময় করণীয়** : বিদ্যুৎ না থাকলে বা নেটওয়ার্কের সমস্যা থাকলে **ফোনে তথ্যাদি প্রদান করতে হয়**। তথ্যাদি প্রদান করার পূর্বে Format অনুযায়ী প্রাপকের নিকট হতে তথ্যাদি সংগ্রহ করে নিতে হয়। ফোনে তথ্যাদি প্রদান করার সময় **Slow & steady wins the race** নীতি অবলম্বন করতে হবে। কারণ ফোনে তথ্য নেয়ার সময় **বলায়, শোনায় এবং লেখায়** ভুল হয়ে থাকে। তাই Pin, ID No. এবং টেলিফোন নম্বর বলার ক্ষেত্রে একসাথে ৩/৪টি ডিজিট না বলে একসাথে ০২টি করে ডিজিট তবে **Double/Triple/Quadruple** ইত্যাদি ডিজিট থাকলে তা একসাথে বলতে হবে। **মোবাইল নম্বর** বলার ক্ষেত্রে **প্রথম ৫টি** ডিজিট ১ বারে অথবা ২ বারে এবং পরে **২টি** করে তবে **Double/Triple/Quadruple** ইত্যাদি ডিজিট থাকলে তা একসাথে বলতে হবে। প্রতিটি শব্দ **স্পষ্ট ও পূর্ণাঙ্গ উচ্চারণ** করতে হবে।

১১। ‘**Invalid**’ **Pin সংক্রান্ত** : বিভিন্ন কারণে Pin **Invalid** হয়ে থাকে। **Invalid** হওয়ার কারণ ও করণীয় নিম্নরূপ :

(০১) Pinটি সঠিক নয়। এক্ষেত্রে Pin এর **সঠিকতা যাচাই** করে সঠিক Pin জানানো;

(০২) Pinটি সঠিক কিন্তু ইতিমধ্যেই রেমিট্যান্সটি পরিশোধ করা হয়ে গেছে। প্রায়ই দেখা যায় যে, প্রাপক ভুল করে **পূর্বের পরিশোধিত Pin** নিয়ে এসেছে অথবা প্রাপক অন্য কোন ব্যাংকে গিয়েছিল, বিলম্ব হওয়ায় কর্মসংস্থান ব্যাংকে চলে আসায় ইতিমধ্যে ঐ ব্যাংক রেমিট্যান্সটি **Pulled out** করে ফেলেছে বিধায় এমন হয়েছে। এক্ষেত্রে সঠিক Pin জানাতে হবে;

(০৩) Pinটি সঠিক কিন্তু অন্য ব্যাংক **Selection** করা আছে। এক্ষেত্রে **ভবিষ্যতে** প্রেরক যাতে কোন ব্যাংক Selection না করে **Any Bank Selection** করে সে **পরামর্শ** দিতে হবে। আরো বলতে হবে, ব্যাংক Selection করা থাকলে **আপনারই (প্রাপকেরই) কষ্ট** হবে।

(০৪) Pinটি সঠিক কিন্তু **অল্প সময় আগে** প্রেরণ করায় সফটওয়্যার এখনও **Update** হয় **নাই**। এক্ষেত্রে প্রাপককে সফটওয়্যার Update হওয়া পর্যন্ত **অপেক্ষা করার পরামর্শ** দিতে হবে। সফটওয়্যার আপডেট হতে **২০/৩০ মিনিট সময়** লাগতে পারে;

(০৫) Pinটি সঠিক কিন্তু সকল **ডকুমেন্ট প্রদান না** করায় রেমিট্যান্সটি **পেন্ডিং** রয়েছে। এক্ষেত্রে প্রাপকের মাধ্যমে প্রেরককে সংশ্লিষ্ট **MTO অফিসে যাওয়ার পরামর্শ** দিতে হবে। ডকুমেন্ট প্রদান করার পর সফটওয়্যার আপডেট হতে **২০/৩০ মিনিট সময়** লাগতে পারে;

(০৬) Pinটি সঠিক কিন্তু MTO কর্তৃক বাংলাদেশের পরিবর্তে অন্য কোন দেশ Selection করা হয়েছে। এক্ষেত্রে প্রাপককে প্রেরকের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট MTO অফিসে যাওয়ার পরামর্শ দিতে হবে। সফটওয়্যার Update হওয়া পর্যন্ত প্রাপককে অপেক্ষা করার পরামর্শ দিতে হবে।

১২। রেমিট্যান্স পরিশোধে বিলম্ব হতে পারে :

ক) শাখার কারণে :

(০১) যদি ই-মেইলের পরিবর্তে ফোনে তথ্যাদি প্রদান করা হয়। ফোনে তথ্যাদি নিতে ৩/৪ মিনিট সময় লাগে। তখন অন্য ফোনে কোন শাখার Call আসলে তা **Receive** করা যায় না। ই-মেইলে তথ্যাদি আসলে তৎক্ষণাৎ পরিশোধের কাজ শুরু করা যায়। বর্তমানে রেমিট্যান্স সেলে এজিএমের ০১টি ফোন ও ০২টি মোবাইল এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ০২টি মোবাইলসহ মোট ০৫টি ফোন/মোবাইল চালু আছে।

(০২) যদি **Format** পরিবর্তন করে মনগড়া তথ্যাদি প্রেরণ করা হয়। এক্ষেত্রে রেমিট্যান্স সেল থেকে তথ্যাদি **সংশোধন/Edit** করে নিতে হয়। এর জন্য যতটুকু সময় ব্যয় হয়, প্রাপকের রেমিট্যান্স পেতে **ততটুকু সময় বেশী** লাগে।

(০৩) যদি **Format** অনুযায়ী **সকল তথ্যাদি প্রদান** করা না হয়। যেমন-Date of Issue (DOI) প্রেরণ করা না হলে মানিগ্রাম ওয়েস্টার্ন ইউনিয়ন, এক্সপ্রেস মানি ইত্যাদি কোনভাবেই **Pulled out** হবে না।

(০৪) যদি **ভুল বা অন্য ব্যাংক সিলেকশন করা Pin** প্রদান করা হয়। প্রদানকৃত Pinটি Invalid পাওয়া গেলে শাখাকে অবহিত করার পর শাখা প্রাপকের মোবাইলে থাকা SMS দেখে। তখন দেখা যায় যে, SMS এ থাকা Pin এর সাথে **প্রদানকৃত Pin এর মিল নেই** অথবা অন্য কোন ব্যাংক **সিলেকশন করা** আছে।

(০৫) যদি **পরিশোধিত Pin** প্রদান করা হয়।

(০৬) যদি মেইল করে তথ্যাদি পাঠানোর পর রেমিট্যান্স সেলকে **ফোন করে অবহিত** করা না হয়।

(০৭) যদি কর্পোরেট ফোনে Call গেলেও তা না **Receive** না করে/কর্পোরেট ফোন **বন্ধ থাকে/কর্পোরেট মোবাইল হ্যান্ড সেটে কর্পোরেটসহ একাধিক SIM** থাকে।

(০৮) যদি রেমিট্যান্স পরিশোধ সংক্রান্ত প্রয়োজনীয় পত্রাদির কপি ব্যবস্থাপকের টেবিলে বা টেবিলের গ্লাসের নিচে না থাকার কারণে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিতে না পারে।

(০৯) যদি মেইলের মাধ্যমে প্রেরিত Pin এর মধ্যে স্পেস বা হাইফেন দেয়া হয়। Pin এর মধ্যে স্পেস বা হাইফেন দেয়া হলে ঐ Pin Copy করে সফটওয়্যারে Paste করলে Pinটি Invalid দেখায়। কারণ স্পেস বা হাইফেন দেয়া হলে Pinটির সংখ্যা বেড়ে যায়।

(১০) যদি প্রাপকের নিকট হতে **Format** অনুযায়ী তথ্যাদি সংগ্রহ না করেই **রেমিট্যান্স সেলে ফোন করার পর** প্রাপকের নিকট হতে শুনে শুনে তথ্যাদি বলা হয়।

খ) রেমিট্যান্স সেলের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে :

(০১) যদি রেমিট্যান্স সেলে **বিদ্যুৎ/নেটওয়ার্ক** না থাকে।

(০২) যদি রেমিট্যান্স পরিশোধকালে রেমিট্যান্স সেলের কম্পিউটার **Hang** হয়ে যায়।

(০৩) যদি রেমিট্যান্স সেলে কর্মকর্তা কেউ **ছুটিতে/প্রশিক্ষণে/মিটিংয়ে/নামাজে/লাঞ্চে** থাকে।

গ) এনসিসি ব্যাংকের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে :

(০১) যদি এনসিসি ব্যাংকের রেমিট্যান্স পরিশোধ কাজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা **ছুটিতে/প্রশিক্ষণে/মিটিংয়ে/নামাজে/লাঞ্চে** থাকে।

ঘ) MTO এর নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে :

(০১) যদি MTO এর Software **আপগ্রেড করার সময়** রেমিট্যান্স **Pulled out** করার অনুরোধ করা হয়। যেমন-মানিগ্রাম প্রতিমাসে একবার তাদের Software **আপগ্রেড** করে। তখন বাংলাদেশের অন্য কোন ব্যাংক থেকেও রেমিট্যান্সটি গ্রহণ করা যায় না। যেদিন আপগ্রেড থাকে সেদিন বিষয়টি **মেইল করে শাখাকে অবহিত** করা হয়।

ঙ) প্রাপকের কারণে :

(০১) যদি প্রাপকের ID কার্ডের নাম ও MTO এর সফটওয়্যারে থাকা নামে **ব্যাপক গরমিল** থাকে। এক্ষেত্রে প্রাপক-প্রেরক-সংশ্লিষ্ট MTO এর মাধ্যমে নাম **সংশোধন** করতে হয়।

(০২) যদি প্রাপক প্রদত্ত টাকার পরিমাণ ও সফটওয়্যারে থাকা টাকার পরিমাণে **ব্যাপক পার্থক্য** থাকে। তখন রেমিট্যান্স সেলকে **শাখায় ফোন করে** কারণ জানতে হয়।

(০৩) যদি প্রাপক পূর্বের পরিশোধিত Pin নিয়ে আসে।

১৩। রেমিট্যান্সের অর্থ প্রদান : প্রাপককে রেমিট্যান্সের অর্থ পয়সাসহ (যদি থাকে) **নগদে পরিশোধ** করতে হয়। সাথে নির্দিষ্ট হারে (বর্তমানে ২% হারে) Incentive এর অর্থ (পয়সাসহ-যদি থাকে) **নগদে প্রদান** করতে হয়। অর্থ প্রদানের ক্ষেত্রে প্রাপকের নিকট হতে **রেভিনিউ স্ট্যাম্প** নেয়া যাবে না। **যেকোন এমআইন্টের রেমিট্যান্স পরিশোধ করতে হবে।**

১৪। প্রণোদনা/নগদ সহায়তা (Incentive) প্রদান : ০১.০৭.২০১৯ তারিখ হতে **সরকারী ঘোষণা** অনুযায়ী সরকারের **খরচে** রেমিট্যান্স প্রাপককে ২% হারে **প্রণোদনা/নগদ সহায়তা (Incentive)** প্রদানের জন্য নিম্নোক্ত নিয়ম অনুসরণ করতে হবে :

ক) **পেমেন্ট স্লীপে উল্লেখিত** টাকা (পয়সাসহ-যদি থাকে) এর উপর ২% হারে নিম্নোক্তভাবে **Incentive** প্রদান করতে হবে :

১০,৫৯৮.৮৭ টাকা থাকলে $\{১০,৫৯৮.৮৭ + (১০,৫৯৮.৮৭ \times ২\%)\} = (১০,৫৯৮.৮৭ + ২১১.৯৭৯৪) = (১০,৫৯৮.৮৭ + ২১১.৯৭) = ১০,৮১০.৮৪$ (দশ হাজার আটশত দশ টাকা চুরাশি পয়সা) টাকা **Incentive** প্রদান করতে হবে। এ ক্ষেত্রে দশমিকের পর **তৃতীয় অংক** যতই হোক না কেন, **প্রথম দুই অংক** ধরতে হবে;

খ) US ১,৫০০ (এক হাজার পাঁচশত) ডলারের **সমান পর্যন্ত** সমমূল্যের টাকার জন্য **প্রেরকের কোন কাগজপত্র** এর প্রয়োজন নেই;

গ) US ১,৫০০ (এক হাজার পাঁচশত) ডলারের **অধিক** সমমূল্যের টাকার জন্য প্রাপকের নিকট হতে **প্রেরকের** নিম্নোক্ত কাগজপত্র গ্রহণপূর্বক **ভাউচারে সংরক্ষণ** করতে হবে :

(১) **বৈধ পাসপোর্টের কপি (Valid Passport Copy);**

(২) বিদেশী নিয়োগদাতা কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি (Employment copy by the foreign employer)
অথবা

বিএমইটি কর্তৃক প্রদত্ত সদনপত্রের কপি {BMET (Bureau of Manpower, Employment and Training)
Certificate Copy};

(৩) ব্যবসায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে ব্যবসার লাইসেন্সের কপি (Foreign Business license copy in case of
Businessman। ব্যবসায় নিয়োজিত ব্যক্তি না হলে ব্যবসার লাইসেন্সের কপি প্রয়োজন নেই;

(৪) রেমিট্যান্স গ্রহণের দিন প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা সম্ভব না হলে পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে তা উপস্থাপন
করলে Incentive প্রদান করা যাবে।

১৫। বকেয়া Incentive প্রদানসহ নিয়মিত Incentive প্রদান :

ক) ০১.০৭.২০১৯ হতে ১৬.১০.২০১৯ তারিখ পর্যন্ত সময়ের বকেয়া Incentive প্রদান :

i) উক্ত সময়ে যে সকল রেমিট্যান্স প্রদান করা হয়েছে, সে সকল রেমিট্যান্সের পেমেন্ট স্লীপে যত টাকা (পয়সাসহ-যদি থাকে) উল্লেখ
রয়েছে, তার উপর ২% হারে বকেয়া Incentive নির্ণয় করে ৩০.১১.২০১৯ তারিখের মধ্যে অবশ্যই প্রদান করতে হবে। রেমিট্যান্স সেলে
সংরক্ষিত উক্ত সময়ে প্রদানকৃত রেমিট্যান্সের একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। সকল বকেয়া Incentive পরিশোধ করার পর
নিম্নের ২৫ কলাম বিশিষ্ট ছক Excel এ পূরণ করে Soft Copy শাখা কর্তৃক ০১.১২.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ
করতে হবে, আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন শাখাসমূহের তথ্যাদি কনসোলিডেটেড করে শাখাভিত্তিক তথ্যাদির Soft Copy
০২.১২.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় কার্যালয় কর্তৃক আওতাধীন শাখাসমূহের তথ্যাদি
কনসোলিডেটেড করে শাখাভিত্তিক তথ্যাদির Soft Copy ০৩.১২.২০১৯ তারিখের মধ্যে রেমিট্যান্স সেলের ০৪টি
(remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com) ঠিকানায়
ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে :

Daily Foreign Remittance Delivery Statement

Sl. No.	PIN	Date	Code of MTO	Name of MTO	Remit Am- ount in BDT	Incentive Amount	Sub-Total (Remit Amount+Incentive)
1	2	3	4	5	6	7	8 = (6+7)

Commission	Total (Rem.Am +Inct+Comm.)	Name of Branch	Branch Code	Name of Region	Reference No	Name of Receiver	Photo ID No.	Photo Id Type
9	10 = 8+9)	11	12	13	14	15	16	17

Status Incentive	Phone No.	Name of Sender	Mode of Payment	Country	KB Staff (Yes/No)	KB Borrower (Yes/No)	Remarks
18	19	20	21	22	23	24	25

মন্তব্য : ২৫ নং কলামের Remarks ঘরে Incentive প্রদানের তারিখ বসাতে হবে।

সংযুক্ত তালিকায় উল্লেখ নেই অথচ শাখা থেকে উক্ত সময়ে রেমিট্যান্স প্রদান করা হয়েছে, এমন রেমিট্যান্সের ক্ষেত্রে রেমিট্যান্স সেলকে
ফোনে অবহিত করে ৩০.১১.২০১৯ তারিখের মধ্যে বকেয়া Incentive প্রদান করতে হবে এবং বকেয়া Incentive প্রদান করার পর উপরোক্ত
২৫ কলাম বিশিষ্ট ছক Excel এ পূরণ করে Soft Copy রেমিট্যান্স সেলের উক্ত ০৪টি ঠিকানায় ০১.১২.২০১৯ তারিখের মধ্যে সরাসরি
ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

ii) একজন প্রাপক একাধিক Incentive প্রাপ্য হলে একটি ক্রেডিট ক্যাশ ভাউচারের মাধ্যমে প্রদান করা যাবে।

iii) প্রতিটি ক্রেডিট ক্যাশ ভাউচারের সাথে নিম্নোক্ত ছক সংযুক্ত করতে হবে :

ক্র.নং	প্রাপকের নাম	MTO এর নাম	PIN	প্রাপ্ত রেমিট্যান্সের পরিমাণ	রেমিট্যান্স প্রাপ্তির তারিখ	মোবাইল নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

খ) নিয়মিত Incentive প্রদানের ক্ষেত্রে :

i) US ১,৫০০ (এক হাজার পাঁচশত) ডলারের অধিক সমমূল্যের টাকার রেমিট্যান্সের ক্ষেত্রে রেমিট্যান্স গ্রহণের দিন প্রাপক প্রেরকের
প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে না পারলে শুধুমাত্র রেমিট্যান্সের অর্থ প্রদান করে Incentive এর অর্থ প্রদান Pending রাখতে হবে।
রেমিট্যান্স পরিশোধের পরের কর্মদিবস হতে পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করলে Pending Incentive
প্রদান করতে হবে।

ii) দিন শেষে নিম্নোক্ত ছক অনুযায়ী একটি বিবরণী ইংরেজীতে Excel এ তৈরী করে Pending Incentive প্রদানের বিষয়টি
রেমিট্যান্স সেলের ০৪টি (remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com) ঠিকানায় ই-মেইল প্রেরণ করে রেমিট্যান্স সেলকে অবহিত করতে হবে :

Sl. No.	Name of Branch	Branch Code	Code of MTO	Name of MTO	PIN	Remittance Pay Date	Remittance Amount	Incentive Pay Date	Incentive Amount	Passport No.	BMET No.	Licence No. (If Applicable)
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13

iii) পেমেন্ট স্লীপে প্রেরকের যে নাম রয়েছে/থাকবে, সে নামের সাথে প্রাপকের দেয়া বৈধ পাসপোর্টের কপিসহ অন্যান্য কাগজপত্রে
প্রেরকের যে নাম রয়েছে/থাকবে, সে নামের অবশ্যই মিল থাকতে হবে।

iv) প্রেরকের নামে অমিল পাওয়া গেলে প্রেরক ও সংশ্লিষ্ট MTO এর মাধ্যমে প্রেরকের নাম সংশোধন করে রেমিট্যান্স ও Incentive
প্রদান করা যাবে।

v) প্রদত্ত রেমিট্যান্স এর অর্থ ফেরত প্রদানের মত কোন পরিস্থিতির উদ্ভব হলে নগদ সহায়তা (Incentive)সহ সমুদয় রেমিট্যান্স অথবা প্রযোজ্য ক্ষেত্রে শুধু নগদ সহায়তা (Incentive) রেমিট্যান্স আহরণকারী ব্যাংককে ফেরত প্রদান করতে হবে।

১৬। **KYC সংক্রান্ত** : প্রাপকের নিকট হতে রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি নেয়ার জন্য ০৩ ধরনের KYC রয়েছে। যেমন : i) **Receive Form / টাকা গ্রহণ ফরম** শিরোনামের KYCটি শুধুমাত্র **মানিগ্রামের** ক্ষেত্রে, ii) **To receive money** শিরোনামের KYCটি শুধুমাত্র **ওয়েস্টার্ন ইউনিয়নের** ক্ষেত্রে এবং iii) **Foreign Remittance Receive Form** শিরোনামের KYCটি মানিগ্রাম ও ওয়েস্টার্ন ইউনিয়ন ব্যতীত অন্যান্য MTO এর ক্ষেত্রে ব্যবহার করতে হয়। KYC ০১ কপি প্রিন্ট করে **প্রিন্ট কপি থেকে** প্রয়োজনীয় সংখ্যক কপি ফটোকপি করে শাখায় সংরক্ষণ করে রাখতে হয়, যাতে বিদ্যুৎ না থাকলেও রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম **অব্যাহত রাখা যায়**।

১৭। **ভূয়া পরিশোধ/জঙ্গী অর্থায়ন/মানি লন্ডারিং রোধ** : ভূয়া পরিশোধ, জঙ্গী অর্থায়ন এবং মানি লন্ডারিং রোধের জন্য অবশ্যই **প্রাপকের ছবিযুক্ত বৈধ** (মেয়াদ উত্তীর্ণ হয়নি) এমন পরিচয়পত্র (ID) (যেমন-NID, পাসপোর্ট, ডাইভিং লাইসেন্স ইত্যাদি) এর মাধ্যমে রেমিট্যান্স পরিশোধ করতে হবে। **জন্ম নিবন্ধন সনদ** দিয়েও রেমিট্যান্স পরিশোধ করা যায়। এক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদের ফটোকপির উপর প্রাপকের একটি ছবি আঠা দিয়ে লাগিয়ে ছবির নিম্নাংশের উপর চেয়ারম্যান/কাউন্সিলর দ্বারা সত্যায়িত করা হলে তা **ছবিযুক্ত ID কার্ড** হয়ে যায়। প্রাপক NID এর ফটোকপি প্রদান করলে তার **সঠিকতা নিশ্চিত হয়ে** রেমিট্যান্সটি পরিশোধ করতে হবে।

১৮। **প্রাপক নির্ধারণ** : অনেক সময় প্রাপক **নিজে না এসে** ভাই/বোন/পিতা/পুত্র/স্বামী/স্ত্রী ইত্যাদিকে পাঠিয়ে থাকে। প্রাপক ছাড়া অন্য কাউকে রেমিট্যান্সটি প্রদান করা যাবে না। অন্য কাউকে রেমিট্যান্স প্রদান করা হলে পরবর্তীতে প্রাপক যদি শাখায় এসে রেমিট্যান্স দাবী করে তবে তাকে অবশ্যই রেমিট্যান্স পরিশোধ করতে হবে। এমন হলে **বাংলাদেশ ব্যাংক** সংশ্লিষ্ট শাখার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারে। এছাড়া **সংশ্লিষ্ট MTOও** কর্মসংস্থান ব্যাংকের সাথে লেন-দেন বন্ধ করে দিতে পারে। তাই **ID কার্ডে থাকা ছবি** দেখে প্রাপকের নিজের আসার বিষয়টি **নিশ্চিত** হতে হবে। কোন কারণে প্রাপক নিজে আসতে **অক্ষম হলে** প্রেরকের মাধ্যমে MTO কর্তৃক **প্রাপকের নাম সংশোধনপূর্বক** রেমিট্যান্সটি প্রদান করতে হবে। সংশোধনের জন্য **২০/৩০ মিনিট** সময়ের প্রয়োজন হয়।

১৯। **প্রাপককে হয়রানি না করা** : রেমিট্যান্স প্রাপকগণ দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তি। তাই রেমিট্যান্স পরিশোধের কাজ অগ্রাধিকার ভিত্তিতে করতে হয়। কোন কারণে রেমিট্যান্স প্রাপকগণ যদি হয়রানির শিকার হন তবে তাঁরা বৈধ ব্যাংকিং চ্যানেলের পরিবর্তে অবৈধ পন্থায় রেমিট্যান্স আনবে। যা হবে দেশের জন্য ক্ষতিকর। অনেক সময় প্রাপক শাখায় এসে Pinসহ অন্যান্য তথ্য দেয়ার পর বিলম্ব হওয়ায় **অন্য ব্যাংকে চলে** যান। প্রাপকের চলে যাওয়ার বিষয়টি যদি রেমিট্যান্স সেলকে **সময়মত অবহিত** করা না হয় তবে রেমিট্যান্স সেল রেমিট্যান্সটি **Pulled out করে ফেলবে**। এরূপ হলে প্রাপককে আবার কর্মসংস্থান ব্যাংকে **অবশ্যই ফিরে আসতে** হয়। এক্ষেত্রে প্রাপক হয়রানির শিকার হয়। যুক্তিসঙ্গত কারণে বিলম্ব হলে রেমিট্যান্স সেল থেকে ফোনে শাখাকে অবহিত করা হয়। তাই বিলম্বের কারণ প্রাপককে সুন্দরভাবে বুঝিয়ে বলে শাখায় অপেক্ষায় রাখতে হবে, নতুবা রেমিট্যান্সটি **Pulled out** হওয়ার পূর্বেই প্রাপকের চলে যাওয়ার বিষয়টি রেমিট্যান্স সেলকে অবহিত করতে হবে। বাংলাদেশ ব্যাংকের কাছে **প্রাপক অভিযোগ** করলে শাখা বা ব্যাংকের **সমস্যা হয়**।

২০। **MTO এর নাম নির্ধারণ** : প্রাপক যাহাই বলুক না কেন, উপরোক্ত ০৮ নং অনুচ্ছেদের তালিকা অনুযায়ী Pin সংখ্যা, Pin এর শুরু/শেষ, পরিশোধের ধরন এবং কোন্ দেশ থেকে এসেছে তা মিলিয়ে MTO এর নাম বের করতে হয়।

২১। **দ্রুত এবং স্বচ্ছন্দে রেমিট্যান্স পরিশোধ করা** : অন্যান্য ব্যাংক **বাণিজ্যিক লেনদেন** করা ছাড়াও দিনে **অধিক সংখ্যক** রেমিট্যান্স পরিশোধ করে। ফলে অন্য ব্যাংকে প্রাপককে **নিজে KYC পূরণ** করে **লাইনে দাঁড়িয়ে** রেমিট্যান্স গ্রহণ করতে হয়। বিলম্ব হলে **বসার সুযোগ পায়** না। পক্ষান্তরে কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণ প্রাপককে **KYC পূরণে সার্বিক সহযোগিতা** করেন, বিলম্ব হোক বা না হোক প্রাপককে **বসার সুযোগ দেন**। ফলে অন্যান্য ব্যাংকের তুলনায় কর্মসংস্থান ব্যাংকে **দ্রুত এবং স্বচ্ছন্দে** রেমিট্যান্স পাওয়া যায়।

২২। **শাখা থেকে Trans Fast এর রেমিট্যান্স পরিশোধ করা** : বর্তমানে ব্যাংকের **২১টি** শাখায় Trans Fast এর User ID ও Password দেয়া হয়েছে। উক্ত শাখাসমূহ **নিজেরাই** Trans Fast এর রেমিট্যান্স **Pulled out** করতে পারে। শীঘ্রই আরো **০৫টি** শাখায় Trans Fast এর User ID ও Password দেয়া হবে। পর্যায়ক্রমে **সকল শাখায়** Trans Fastসহ অন্যান্য MTO এর User ID ও Password দেয়া হবে। কিছু দিন পর পর বা সংশ্লিষ্ট সফটওয়্যারের চাহিদা অনুযায়ী Password **পরিবর্তন** করতে হয়। ভুল Password দিয়ে **০২ বারের বেশী** Login করলে User ID সাময়িকভাবে **Lock** হয়ে যায়। তাই **০২ বারের বেশী** Login করার পর Login না হলে রেমিট্যান্স সেলকে **অবহিত** করতে হয়। User ID সচল (Active) রাখার জন্য রেমিট্যান্স পরিশোধ থাক বা না থাক, বাধ্যতামূলকভাবে **সপ্তাহে কমপক্ষে একবার** Login ও Logout করতে হয়। নতুবা User IDটি Trans Fast '**Lock**' করে দেয়। কর্মসংস্থান ব্যাংক বা এনসিসি ব্যাংক User ID **তৈরী করে না**, User ID সংশ্লিষ্ট MTO তৈরী করে। **User ID Lock** হলে তা Active করার জন্য User ID ও MTO এর নাম উল্লেখ করে রেমিট্যান্স সেলের **০৪টি** ঠিকানায় মেইলের মাধ্যমে অবহিত করতে হয়।

২৩। **Daily Statement প্রেরণ** : দিন শেষে **০১টি** বিবরণী **ইংরেজীতে** Excel এ তৈরী করতে হয়। বিবরণী তৈরীর পর বিবরণীর Soft Copy রেমিট্যান্স সেলের **০৪টি** ঠিকানায় ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হয় এবং **শাখায় পুঞ্জীভূতভাবে (Cumulatively) অবশ্যই সংরক্ষণ করতে** হয়। বিবরণীর শিরোনাম ও ছক নিম্নরূপ (**Incentive** প্রদানের জন্য ছকটি **১৭ কলামের** পরিবর্তে **২৫ কলাম** বিশিষ্ট হয়েছে) :

Daily Foreign Remittance Delivery Statement Dated 17.10.2019

Sl. No.	PIN	Date	Code of MTO	Name of MTO	Remit Amount in BDT	Incentive Amount	Sub-Total (Remit Amount+Incentive)
1	2	3	4	5	6	7	8 = (6+7)
161	211969596211	17-Oct-19	05	PRABHU Online	26442.01	528.84	26,070.85
162	M0502021900780	17-Oct-19	26	Al Mirqab Exchange	11000.00	220.00	11,220.00

Commission	Total (Rem.Am +Inct+Comm.)	Name of Branch	Branch Code	Name of Region	Reference No	Name of Receiver	Photo ID No.	Photo Id Type
9	10 = 8+9)	11	12	13	14	15	16	17
100.00	27,070.85	Fuljhuri	987	Padma	211169596211	Dablu Parvez	2019552546381	1
100.00	11,320.00	Fuljhuri	987	Padma	M0502021900380	Danes Mia	17958617153	1

Status Incentive	Phone No.	Name of Sender	Mode of Payment	Country	KB Staff (Yes/No)	KB Borrower (Yes/No)	Remarks
18	19	20	21	22	23	24	25
1	01394-948575	Koh Lye Soon	Online	USA	Yes	No	-
1	01697-968573	Eunuch Mia	Cash	Qatar	No	Yes	-

মন্তব্য :

i) FSIE, NEC UK ও NEC Italy ব্যতীত অন্যান্য সকল MTO এর Pin (কলাম নং-০২) ও Reference No. (কলাম নং-১৪) একই। FSIE, NEC UK ও NEC Italy এর Payment Slip এ Pin ও Reference No. উভয়ই উল্লেখ থাকে। যেমন : FSIE এর Reference No. 00945, 00643 ইত্যাদি এবং NEC Italy এর Reference No. 135590, 241483 ইত্যাদির অনুরূপ হয়। তবে NEC UK এর Payment Slip এ উল্লেখিত Reference No. এর পরে **K** বসাতে হয়। তাই NEC UK এর Reference No. 9_K, 28_K ইত্যাদির অনুরূপ হয়।

ii) পেমেন্ট স্লীপে প্রাপক ও প্রেরকের যে নাম থাকে বিবরণীতে (কলাম নং-১৫ ও ২০) সে নাম লিখতে হয়।

iii) Photo Id (কলাম নং-১৬ ও ১৭) বলতে ছবিযুক্ত Id কার্ড বুঝায়।

iv) Photo Id No. (কলাম নং-১৬) এ বিভিন্ন ID যেমন : NID, Passport, Driving License, Birth Certificate ইত্যাদি এর নম্বর হয়। বর্তমানে বাংলাদেশে ১০, ১৩ ও ১৭ ডিজিটের NID চালু আছে।

v) Photo Id Type (কলাম নং-১৭) এ NID হলে 1, Passport হলে 2, Birth Certificate হলে 4 হয়।

vi) Status Incentive (কলাম নং-১৮) এ Remit Amount ও Incentive উভয়ই প্রদান করা হলে 1 এবং Remit Amount প্রদান করা হয়েছে কিন্তু প্রেরকের কাগজপত্র দিতে না পারায় Incentive প্রদান না করে Pending রাখা হলে 0 (Zero) হয় {US ১,৫০০ (এক হাজার পাঁচশত)} ডলারের অধিক সমমূল্যের রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে।

vii) Mode of Payment (কলাম নং-২১) এ Online MTO হলে Online এবং Batch MTO হলে Cash হয়।

২৪। ডেবিট এডভাইস প্রেরণ : দিন শেষে পরিশোধকৃত সকল রেমিট্যান্সের অর্থ (পয়সাসহ-যদি থাকে) এর জন্য একটি ট্রান্সফার ভাউচার করে সকল ক্রেডিট ক্যাশ ভাউচার, পেমেন্ট স্লিপ, KYC, প্রাপকের ID কার্ডের সত্যায়িত ফটোকপি এবং প্রেরকের বৈধ কাগজপত্র (US ১,৫০০ ডলারের অধিক সমমূল্যের টাকার ক্ষেত্রে) সংযুক্ত করতে হয়। রেমিট্যান্স পরিশোধের তারিখেই পরিশোধকৃত সকল রেমিট্যান্সের অর্থ (পয়সাসহ-যদি থাকে), Incentive এর অর্থ (পয়সাসহ-যদি থাকে) ও কমিশনের অর্থ প্রধান কার্যালয় থেকে পুনর্ভরণ পাওয়ার জন্য ডেবিট এডভাইস ইস্যু করতে হয়। রেমিট্যান্স পরিশোধের তারিখে এডভাইস করা না হলে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক Reconciliation করা সমস্যা হয়। প্রতিদিনের ডেবিট এডভাইস প্রতিদিন প্রেরণ না করে সপ্তাহের শেষ কর্মদিবসে সকল ডেবিট এডভাইস একত্রে একটি খামে সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগে কুরিয়ার সার্ভিসযোগে বা সরকারী ডাকযোগে প্রেরণ করতে হয়। নিম্নোক্ত শিরোনামের ছকে বিস্তারিত তথ্য দিয়ে তা এডভাইসের সাথে সংযুক্ত করতে হয় :

বিষয় : ১৭.১০.২০১৯ তারিখের ফরেন রেমিট্যান্স পরিশোধ সংক্রান্ত বিবরণী।

ক্রমিক নং	শাখার নাম	তারিখ	রেমিট্যান্স প্রাপকের নাম	MTCN/Ref. No./PIN	রেমিট্যান্সের এর পরিমাণ	Incentive এর পরিমাণ	কমিশন এর পরিমাণ	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=৬+৭+৮
০১	ফুলঝুড়ি শাখা, ঢাকা	১৭.১০.২০১৯	ডাবলু পারভেজ	২১১৯৬৯৫৯৬২১১	২৬৪৪২.০১	৫২৮.৮৪	১০০.০০	২৭০৭০.৮৫
০২	ফুলঝুড়ি শাখা, ঢাকা	১৭.১০.২০১৯	দানেস মিয়া	M0502021900780	১১০০০.০০	২২০.০০	১০০.০০	১১৩২০.০০
মোট :					৩৭৪৪২.০১	৭৪৮.৮৪	২০০.০০	৩৮৩৯০.৮৫

মন্তব্য : উপরের ছকে শাখার নাম ফুলঝুড়ি শাখা, ঢাকা এবং দিনে ০২টি রেমিট্যান্স পরিশোধ হয়েছে ধরে উদাহরণ দেয়া হয়েছে।

২৫। রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা সংক্রান্ত : ২০১৯-২০২০ অর্থ-বছরে প্রত্যেক শাখাকে মাসে কমপক্ষে ১৫ (পনের)টি করে রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। শাখার রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং করার জন্য নিম্নোক্ত ছকে ০১টি মাসিক বিবরণী Excel এ তৈরী করে বিবরণীর সফটকপি পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে (প্রধান শাখা, ঢাকার ক্ষেত্রে সরাসরি রেমিট্যান্স সেলে) ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হয় :

বিষয় : অক্টোবর, ২০১৯ মাসের রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতির মাসিক বিবরণী।

ক্র. নং	শাখা	শাখা কোড	এ	এ	এ	এ	এ	এ	শুরু থেকে এ পর্যন্ত পরিশোধ	
			মাসে লক্ষ্যমাত্রা সংখ্যা	মাসে পরিশোধ সংখ্যা	মাসে বাস্তবায়ন হার	অর্থ-বছরে লক্ষ্যমাত্রা সংখ্যা	অর্থ-বছরে পরিশোধ সংখ্যা	অর্থ-বছরে বাস্তবায়ন হার	সংখ্যা	পরিমাণ (Incentive ও কমিশন বাদে) (পয়সাসহ-যদি থাকে)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	ফুলঝুড়ি শাখা, ঢাকা	৯৮৭	১৫	১১	৭৩%	১৮০	৩০	১৭%	৭৪	৯৬৫৪১৩৪.৫৬

মন্তব্য : উপরের ছকে শাখার নাম ফুলঝুড়ি শাখা, ঢাকা ধরে উদাহরণ দেয়া হয়েছে।

২৬। **পুনর্ভরণ গ্রহণ** : ফরেন রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম পরিচালনার জন্য এনসিসি ব্যাংক কর্মসংস্থান ব্যাংককে ০২ কোটি টাকা সুদবিহীন অগ্রিম প্রদান করেছে। অগ্রিমের অর্থ ব্যাংকের বিভিন্ন শাখায় বিতরণ করা হচ্ছে। বিভিন্ন শাখায় রেমিট্যান্স বাবদ পরিশোধকৃত অর্থ কিছু দিন পর পর এনসিসি ব্যাংক হতে পুনর্ভরণ গ্রহণ করা হয়। তহবিলের অভাবে রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম যেন বন্ধ না হয় তার জন্য সময়মত চাহিদাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হয়। তহবিলের চাহিদা প্রেরণের বিষয়টি রেমিট্যান্স সেলকে ফোনে/মেইলে অবহিত করা হলে রেমিট্যান্স সেল থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

২৭। **সেবা বক্স (Service Box)** : কর্মসংস্থান ব্যাংকের Website এ ফরেন রেমিট্যান্স/Foreign Remittance নামে ০১টি সেবা বক্স রয়েছে। উক্ত সেবা বক্সে ০৪টি ক্যাটাগরিতে রেমিট্যান্স সংক্রান্ত সার্কুলার, পোস্টার, KYCসহ যাবতীয় ডকুমেন্ট রয়েছে। এখান থেকে প্রয়োজনীয় ডকুমেন্ট ডাউনলোড করে কম্পিউটারের হার্ডডিস্কে স্থায়ীভাবে Save করে রাখতে হবে এবং প্রিন্ট কপি সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করতে হবে। এছাড়া দূত রেমিট্যান্স পরিশোধের স্বার্থে ১ (এক) সেট ফটোকপি করে ব্যবস্থাপকের টেবিলে বা টেবিলের গ্লাসের নিচে রাখতে হবে।

২৮। **Website/Mail চেক করা** : প্রধান কার্যালয় হতে পত্রাদির প্রিন্ট কপি (হার্ডকপি) শাখা/কার্যালয়ে ডাকযোগে প্রেরণ করা হয় না। উক্ত পত্রাদির সফটকপি ব্যাংকের ওয়েবসাইট ও ফরেন রেমিট্যান্স সেবা বক্সে Upload করা হয় এবং ক্ষেত্রবিশেষ শাখার ই-মেইল ঠিকানায় মেইল করে প্রেরণ করা হয়। তাই প্রতি কর্মদিবসে একাধিকবার ব্যাংকের Website/শাখার Mail নিয়মিত চেক করতে হবে। পত্রাদি পাইনি বলে কোন অজুহাত দাঁড় করানোর সুযোগ নেই।

২৯। **kb webmail ব্যবহার সংক্রান্ত** : ক) **ই-মেইল Address এর Group করা** :

(i) উপরে বাম পার্শ্বের Contacts এ ক্লিক ~ Contacts এর নিচে New Contact এর ডানে ত্রিকোণা (▼) আইকনে ক্লিক ~ নিচের Contact Group এ ক্লিক ~ Group Name এর ঘরে Group এর নাম লিখা (যেমন-রেমিট্যান্স সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে Remittance Data বা RD বা সুবিধামত যে কোন নাম লিখা যায়) ~ ডান পার্শ্বের সবার নিচে **or enter addresses below (comma separated)** বক্সে ০৪টি Address টাইপ করা অথবা কোথাও টাইপ করা থাকলে Copy করে Paste করা ~ ডান পার্শ্বের **← add** অপশনে ক্লিক করলে ডান পার্শ্ব ০৪টি Address দেখা যায় ~ উপরে বাম পার্শ্বের Save অপশনে ক্লিক করলেই Addressসমূহ Save হয়ে যায়। এভাবে একাধিক ই-মেইল Address এর Group করে নেয়া যায়।

(ii) মেইল প্রেরণের সময় To অথবা Cc ঘরে Group এর নাম হিসেবে RD লিখলে নিচে Group এর নাম দেখা যায়। গ্রুপের নামে ক্লিক করলে To অথবা Cc-তে Addressসমূহ স্বয়ংক্রিয়ভাবে এন্ট্রি হয়ে যায়।

খ) **Address সংযোজন** : Contacts এ ক্লিক ~ গ্রুপের নামে ক্লিক ~ Edit অপশনে ক্লিক ~ **or enter addresses below (comma separated)** ঘরে নতুন ঠিকানা লেখা ~ **← add** অপশনে ক্লিক ~ Save অপশনে ক্লিক।

গ) **Address বিয়োজন** : Contacts এ ক্লিক ~ গ্রুপের নামে ক্লিক ~ Edit অপশনে ক্লিক ~ বিয়োজন করতে চাওয়া ঠিকানার ক্রস (x) চিহ্নে ক্লিক ~ Save অপশনে ক্লিক।

ঘ) **Group এর নাম Edit করা** : Contacts এ ক্লিক ~ গ্রুপের নামে ক্লিক ~ Edit অপশনে ক্লিক ~ প্রয়োজন অনুযায়ী নাম Edit করা ~ Save অপশনে ক্লিক।

ঙ) **Group এর Address ডিলিট করা** : Contacts এ ক্লিক ~ গ্রুপের নামে ক্লিক ~ রাইট মাউসে ক্লিক ~ Delete এ ক্লিক।

৩০। **kb webmail এর Password পরিবর্তন** : kb webmail এর ই-মেইল ঠিকানার Password পরিবর্তনের জন্য করণীয় :

(i) Passwordটি **ইংরেজীতে** কমপক্ষে ০৮ (আট) ডিজিটের **Alphanumeric** অর্থাৎ Alphabet (a, H, u ইত্যাদি), Number (2, 0, 6 ইত্যাদি) ও Special Character (@, #, % ইত্যাদি) এর সংমিশ্রণে হতে হবে;

(ii) Password এ কমপক্ষে ০১ (এক)টি **Capital Letter** থাকতে হবে;

(iii) Password এ কমপক্ষে ০১ (এক)টি **Special Character** থাকতে হবে।

৩১। **AnyDesk ব্যবহার** : অনেক সময় ফোনের মাধ্যমে সমস্যার সমাধান দেয়া যায় না। তখন সংশ্লিষ্ট শাখার কম্পিউটারে প্রবেশ করে সমস্যা সমাধান করতে হয়। এর জন্য শাখায় AnyDesk সফটওয়্যার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে Install করে রাখতে হবে। AnyDesk ব্যবহারের প্রয়োজন হলে AnyDesk এ ডাবল ক্লিক করে ০৯ ডিজিটের Address রেমিট্যান্স সেল/আইটি বিভাগ এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে ফোনে জানাতে হবে।

৩২। **করপোরেট মোবাইল ফোন সংক্রান্ত** : দূত যোগাযোগের জন্য করপোরেট মোবাইল ফোন প্রধান মাধ্যম। এ ফোন নম্বর সারা বিশ্বে বিভিন্ন MTO এর ওয়েবসাইটে থাকায় বিশ্বের যে কোন দেশ থেকে রেমিট্যান্স বিষয়ে এ ফোনে দিন-রাতের যে কোন সময় Call আসতে পারে। এছাড়া ব্যাংকের প্রধান কার্যালয়সহ যে কোন শাখা/কার্যালয় থেকে অফিস সময়ে বা প্রয়োজনে অফিস সময়ের বাইরে Call আসতে পারে। তাই করপোরেট মোবাইল ফোন সব সময় খোলা রাখতে হবে। করপোরেট মোবাইল ফোন হ্যান্ড সেটে একাধিক SIM ব্যবহার করা যাবে না।

৩৩। **প্যাড প্রস্তুত সংক্রান্ত** : কম্পিউটারে পত্রাদি প্রস্তুত করার ক্ষেত্রে **ব্যাংকের লোগো ও ব্যাংকের নাম** এ যথাযথ রং ব্যবহার করতে হয়। প্রায় ক্ষেত্রেই **ভুল রংয়ের ব্যাংকের লোগো ও নাম** পাওয়া যায়। ব্যাংকের লোগো ও নাম সাদা জমিনের উপর নেভী ব্লু রংয়ের হয়। রংটি **নেভী ব্লু** করার জন্য করণীয় :

লেখা সিলেক্ট করে **Font Color** এ ক্লিক ~ **More Colors** এ ক্লিক ~ **Custom** এ ক্লিক ~ **Color Model** এর Red = 0, Green = 0, Blue = 128 ~ **OK** এ ক্লিক।

৩৪। **যোগাযোগ** : ক) **রেমিট্যান্স সংক্রান্ত** : বর্তমানে রেমিট্যান্স সেলে ০৫টি ফোন নম্বর ব্যবহৃত হচ্ছে। কোন একটি নম্বরে ফোন করে না পেলে বা বন্ধ পেলে পর্যায়ক্রমে অন্য নম্বরে Call করতে হবে। **রেমিট্যান্স সম্পর্কিত** বিষয়ে রেমিট্যান্স সেলের জনাব প্রদীপ কুমার মজুমদার, সহকারী মহাব্যবস্থাপক (ফোন : ০২-৪১০৫০৫৭৮, মোবাইল : ০১৭০৮-৩৯৭৩৪১, ০১৭১২-০৬৬৮৯৯) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ রাশেদুল ইসলাম, সিনিয়র অফিসার (মোবাইল : ০১৭০৮-৩৯৭১০০, ০১৭১৫-৩২৪২১৬) এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **Network সংক্রান্ত** : Network সম্পর্কিত বিষয়ে আইটি বিভাগের জনাব **মোহাম্মাদ আরিফুজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার** (মোবাইল : ০১৭০৮-৩৯৭০৭৫, ০১৭১৩-৩০১৩৭৮) এর সাথে যোগাযোগ করতে হবে।